যুগান্তর

15 NOV 2017
পৃষ্ঠা ২৭ ... কলাম ২

# ঢাবির এক শিক্ষকের বিরুদ্ধে আরেক শিক্ষকের জিডি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

'দেখে নেয়া'র হুমকি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আ ক ম জামাল উদ্দিনের বিরুদ্ধে ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের প্রভাষক মেহেদী হাসানকে হুমকি দেয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় শিক্ষক মেহেদী হাসান ৯ নভেম্বর শাহবাগ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। জিডি নম্বর ৬৪২। জিডিতে মেহেদী হাসান উল্লেখ করেন, 'গত ২৬ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় নীল দলের সাধারণ সভা চলাকালে সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আ ক ম জামাল উদ্দিনের আক্রমণের শিকার হন প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী। কিন্তু আক্রমণকারী শিক্ষক মিডিয়াকে এ ঘটনা সম্পর্কে অসত্য তথ্য দিয়েছেন। যেহেতু আমি ওই ঘটনার প্রত্যক্ষদর্শী ছিলাম, তাই ড. আ ক ম জামাল উদ্দিনের মিথ্যাচারের প্রতিবাদ করে যাচ্ছি। কারণ এতে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। আমার প্রতিবাদের প্রতিক্রিয়ায় ৬ নভেম্বর রাত ১০টা ২০ মিনিট থেকে ১০টা ২৫ মিনিটের মধ্যে অধ্যাপক ড. আ ক ম জামাল উদ্দিন আমার মোবাইলে ফোন করে অত্যন্ত অপমানজনক কথা বলেন ও ভীতি উদ্রেককারী ভাষায় হুমকি দেন।' জিডিতে ওই শিক্ষক আরও উল্লেখ করেন, 'অধ্যাপক জামাল উদ্দিন আমাকে কয়েক দফায় হুমকি দেন। তিনি আমাকে বলেন, আপনার পরিণাম খুব কঠিন হবে। আপনি এর জন্য প্রস্তুত থাকবেন। কারণ পরিস্থিতি যে কোনো সময় চেঞ্জ হয়ে যাবে। এরপর তিনি ফোন কেটে দেন। তার এ হুমকির কারণে আমি এবং আমার পরিবার নিরাপত্তাহীনতা বোধ করছি।' জামাল উদ্দিনের হুমকির কল রেকর্ড রয়েছে বলেও জানান অভিযোগকারী শিক্ষক। হুমকি দেয়ার বিষয়টি বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকেও মৌখিকভাবে জানিয়েছেন তিনি। এ ব্যাপারে জানতে অধ্যাপক আ ক ম জামাল উদ্দিনের সঙ্গে একাধিকবার মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলে তা বন্ধ পাওয়া যায়। শাহবাগ থানার ওসি আবুল হাসান বলেন, 'নিরাপত্তা চেয়ে এক শিক্ষক জিডি করেছেন। আমরা আমাদের মতো করে বিষয়টি তদন্ত করছি।' ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, 'শুনেছি এক শিক্ষক অন্য এক শিক্ষকের বিরুদ্ধে জিডি করেছেন।' অভিযোগ পেলে এ ঘটনায় কোনো ব্যবস্থা নেবেন কিনা জানতে চাইলে তিনি বলেন, 'সেটা তখন দেখা যাবে।'